

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভাংচুর গুলীবর্ষণ

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥  
গতকাল (শনিবার) প্রধান গেট এলাকায়  
একদল যুবকের হাতে শিবির নেতা কবির  
উদ্দিন ও তাজুল প্রহৃত হয়। ছাত্র শিবির  
এই ঘটনার জন্য ছাত্রলীগ (শা-পা)-কে  
দায়ী করিয়া মিছিল বাহির করে। ইহাতে  
উদ্বেজনা ছড়াইয়া পড়িলে জাতংকগুস্ত  
ছাত্র-ছাত্রীরা দিশাহারা হইয়া ছুটাছুটি শুরু  
করে। ছাত্রলীগ কর্মীরা ক্যাম্পাস সংলগ্ন  
(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## ইসলামী বিশ্ববিদ্যালয়

(শেষ পৃঃ পর)

শেখপাড়া বাজার এবং শিবির ক্যাম্পাস  
এলাকায় নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে। এ সময় এ  
সকল এলাকায় ৫/৬ রাউন্ড গুলীবর্ষণ এবং  
দুইটি শক্তিশালী বোমা বিস্ফোরিত হয়।

ছাত্রদল কর্মীরা বিনা কারণে মিছিল  
করিয়া ভিসি অফিস ঘেরাও এবং ভাংচুর  
করে।

এদিকে ছাত্রলীগ গতকাল ক্যাম্পাসে  
সন্ত্রাসী শিবির কর্মীদের ক্ষেত্রতারের দাবীতে  
প্রধানগেট ও শেখপাড়া বাজারে মিছিল  
সমাবেশ করে। ছাত্র শিবির তাহাদের দুই  
নেতার উপর হামলাকারী ছাত্রলীগের  
সন্ত্রাসী কর্মীদের বহিষ্কার, তদন্ত কমিটি  
গঠন ও ক্যাম্পাসের স্বাভাবিক পরিবেশ  
রক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবীতে  
ভিসির নিকট স্মারকলিপি দিয়াছে।

এই পরিস্থিতিতে ভাইস-চ্যান্সেলর  
প্রফেসর কায়স উদ্দিনের সভাপতিতে  
অনুষ্ঠিত উচ্চ পর্যায়ের বৈঠকে শান্তি-শৃঙ্খলা  
বজায় রাখিতে দলমত নির্বিশেষে কঠোর  
ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়।

এদিকে গতকাল কয়েকশত ছাত্র  
ক্যাম্পাস-বিনাইদহ রুটে উন্নত পরিবহনের  
দাবীতে বিশ্ববিদ্যালয়ের পরিবহনসমূহ  
অবরোধ করে এবং তিনটি ভাড়া করা বাস  
ভাংচুর করিয়াছে।